দৈনিক
ইত্তেফাক

তারিখ 08 JAN 2018
পৃষ্ঠা ৪ কলাম ৪

# পরীক্ষা না দিয়েও পিইসি পাস!

মঠবাড়িয়া (পিরোজপুর) সংবাদদাতা

মঠবাড়িয়ায় প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষায় অংশগ্রহণ না করেও এক শিক্ষার্থী জিপিএ ৪.৬৭ পেয়ে পাস করেছে এবং অপর এক শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করলেও রেজাল্টে অনুপস্থিত দেখানো হয়েছে। এ ঘটনা জানাজানি হলে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবক মহলে ক্ষোভের সৃষ্টি হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার আন্ধারমানিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মনি আক্তার (রোল নম্বর ১৮০৫) পরীক্ষায় অংশগ্রহণ না করেও জিপিএ ৪.৬৭ পেয়ে পাস করেছে। অপর এক শিক্ষার্থী আংগুলকাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পিয়াল জমাদ্দার (রোল নম্বর ১৭০৫) সে পরীক্ষায় অংশগ্রহণ করলেও তাকে অনুপস্থিত দেখানো হয়েছে। সে স্থানীয় কে এম লতীফ ইনস্টিটিউশনে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে রেজাল্ট শিট না থাকায় ভর্তি হতে পারছে না।

বিষয়টি স্বীকার করেছে আংগুলকাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মাহামুদা বেগম ও কেন্দ্র সচিব আন্ধারমানিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলী হায়দার সোহেল। এ বিষয় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন বলেন, বিষয়টি প্রযুক্তিগত ত্রুটির কারণে ঘটেছে। ভুল সংশোধনের জন্য চেষ্টা চলছে।

প্রাপ্তি নং......
তারিখ......
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর